

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯৯

পর্ব ২১: খাদ্য (ইন্স্রহান্)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا رَفَعَ مَائِدَتَهُ قَالَ: «الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ غَيْرَ مَكْفِيِّ وَلَا مُودَّعٍ وَلَا مُسْتَغْنًى عَنْهُ رَبُّنَا» . رَوَاهُ الْبُخَارِيُّ الْبُخَارِيُّ

বাংলা

৪১৯৯-[৪১] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্মুখ হতে যখন দস্তরখান উঠানো হত, তখন তিনি এ দু'আ করতেন, ''আলহামদুলিল্লা-হি হামদান কাসীরন ত্বইয়িবাম্ মুবা-রাকান ফীহি গয়রা মাকফিয়্যিন ওয়ালা-মুওয়াদ্দা'ইন মুসতাগনান 'আনহু রব্বুনা-'' (পাক-পবিত্র, বারাকাতময়, অনেক অনেক প্রশংসা আল্লাহর জন্য। হে পরওয়ারদিগার! তোমার নি'আমাত হতে মুখ ফিরানো যায় না, আর তার অম্বেষণ ত্যাগ করা যায় না এবং তার প্রয়োজন হতে মুক্ত থাকা যায় না।)। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৪৫৮, আবূ দাউদ ৩৮৪৯, ইবনু মাজাহ ৩২৮৪, মুসনাদে আহমাদ ২২২০০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭৩৪৫, দারিমী ২০২৩, সহীহ ইবনু হিব্বান ৫২১৭, শু'আবুল ঈমান ৬০৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (وَلَا مُوَدَّع) তা পরিত্যক্ত নয়। অর্থাৎ মহান আল্লাহ নিকট যা আছে তার অম্বেষণ ও তার প্রতি আগ্রহ পরিত্যাগ করার মতো নয়।

(وَلَا مُسْتَغْنَى عَنْهُ) "তার অমুখাপেক্ষী নয়" অর্থাৎ আল্লাহর নিকট যে নি'আমাত তার থেকে কেউই অমুখাপেক্ষী নয়। বরং সবাই তার মুখাপেক্ষী। অথবা এর অর্থ এই যে, আল্লাহর প্রশংসা করা ওয়াজিব হওয়ার কারণে তা



থেকে কেউই অমুখাপেক্ষী নয়। কেননা আল্লাহর নি'আমাত থেকে কেউই খালি বরং সকলের ওপর আল্লাহর নি'আমাত অগণিত যা গুণে শেষ করা যায় না। অতএব সকলকে তার প্রশংসা করতেই হয়। (মিরক্লাতুল মাফাতীহ; 'আওনুল মা'বূদ ৬৯ খন্ড, হাঃ ৩৮৪৫; তুহফাতুল আহ্ওয়াযী ৮ম খন্ড, হাঃ ৩৪৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন